

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
'পল্লী ভবন'
৫, কাওরান বাজার, ঢাকা

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৩০২.০৯৭.০০০৮-২ ৩ ৮ ৫


তাং ২৪/০২/২০১৯খ্রিঃ

"পরিপত্র"

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা দপ্তরের জন্য রাজস্ব খাতের বরাদ্দ এখন থেকে পূর্বের ন্যায় উপজেলা দপ্তরে ন্যস্ত হবে। এক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা সমূহ অনুসরণ করতে হবে।

- ০১। প্রতি উপজেলায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ০২। রাজস্ব বাজেটের অর্থ আয়ন ও ব্যয়নের জন্য একটি ব্যাংক হিসাব খুলতে হবে এবং পৃথক ভাবে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ০৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সাথে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা অথবা জুনিয়র অফিসার(হিসাব)/হিসাব রক্ষক এর যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হবে।
- ০৪। সদর দপ্তর থেকে জেলা দপ্তরে ছাড়কৃত অর্থ উপপরিচালকগণ নিজ নিজ জেলাবীন উপজেলার বিভাজন অনুযায়ী উপজেলায় অর্থ ছাড়ের দ্রুত ব্যবস্থা নিবেন।
- ০৫। কর্মকর্তাদের জিপিএফ, কল্যাণ তহবিল, পরিবার নিরাপত্তা তহবিল, গোষ্ঠী বীমা এবং সকল ঋণের কর্তনকৃত অংশ জেলার মাধ্যমে সদর দপ্তরে প্রেরণ করবেন এবং প্রতি কোয়ার্টার শেষ হলে পরবর্তী মাসের ৭ দিনের মধ্যে ব্যয়ের প্রতিবেদন জেলায় প্রেরণ করবেন।


এ পরিপত্র মহাপরিচালক মহোদয়ের অনুমোদন ক্রমে জারী করা হলো। যা অবিলম্বে কার্যকরী হবে।


তৌহিদ উদ্দিন আহমেদ
পরিচালক (অর্থ)
বিআরডিবি, ঢাকা।
তাং ২৪/০২/২০১৯খ্রিঃ

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৩০২.০৯৭.০০০৮-২ ৩ ৮ ৫

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। পরিচালক, প্রশাসন/পরিচালনা/সরেজমিন/প্রশিক্ষণ, বিআরডিবি, ঢাকা।
- ০২। উপপরিচালক (সকল), বিআরডিবি, জেলাদপ্তর,
- ০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল), বিআরডিবি, উপজেলা,
- ০৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব।
- ০৫। সংশ্লিষ্ট নথি।


(কাজী মশিউর রহমান)
উপ পরিচালক (হিসাব)
বিআরডিবি, ঢাকা